# তারাগঞ্জ উপজেলা পরিষদের অক্টোবর, ২০২১ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আনিছুর রহমান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
তারাগঞ্জ, রংপুর।

তারিখ ও সময় : ১৩/১০/২০২১ খ্রি., সকাল ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।

[সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা হাজিরা রেজিস্টারে সংরক্ষিত আছে]

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে অক্টোবর, ২০২১ মাসের মাসিক সাধারণ সভার কাজ শুরু করেন। উপজেলা নির্বাহী অফিসার, তারাগঞ্জ, রংপুর গত সভার কার্য বিবরণী পাঠ করে শুনান। পাঠান্তে কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্য বিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর সভাপতি বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্তের জন্য সকল সদস্য ও কর্মকর্তাকে অনুরোধ জানান। সকল কর্মকর্তা নিজ নিজ বিষয় সমূহের উপর বিস্তারিত আলোচনা করেন।

**আলোচনা এবং গৃহীত সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ :**

| ক্র: | আলোচনা | কমিটির সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | **উপজেলা স্বাস্থ্য বিভাগ :** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তারাগঞ্জ, রংপুর জনাব ডাঃ শামসুন্নাহার বলেন, স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণে ডাক্তার ও কর্মচারীগণকে মতবিনিময়ের মাধ্যমে নির্ধারিত সময়ে অফিসে আগমন ও প্রস্থানপূর্বক করোনা ভাইরাসসহ স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণে কাজ করার নির্দেশনা প্রদান করেছেন। এ ছাড়াও বলেন, সারা বিশ্বের ন্যায় সরকারের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশেও করোনা ভাইরাস প্রতিরোধে বাসস্থানের বাইরে সর্বাবস্থায় মাস্ক পরিধান করা, পারস্পারিক দূরত্ব বজায় রাখা ও অন্যান্য স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করতে হবে। যাতে করে এ করোনা ভাইরাস বিস্তার না করতে পারে। এ ছাড়াও বলেন, সিনোফার্ম টিকা ১৮০০০ জন এবং এস্ট্রোজেনেকা ২৬০০০ জনকে দেয়া হবে মর্মে সভায় অবহিত করেন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে জানান। | | করোনা ভাইরাস প্রতিরোধে ১৮ বছরের বেশী এবং এনআইডি আছে এমন ছাত্র/ছাত্রীর টিকা প্রদান করা হবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার রিকল্পনা অফিসার, তারাগঞ্জ। |
| ০২ | **উপজেলা কৃষি সম্প্রসারণ বিভাগ :** উপজেলা কৃষি অফিসার, তারাগঞ্জ সভায় বলেন, নিরাপদ খাদ্য উৎপাদনে কৃষককে উদ্বুদ্ধকরণের মাধ্যমে নিরাপদ সবজি উৎপাদন করা হচ্ছে এবং বিপনন সুবিধায় উপজেলা প্রাঙ্গনে "নিরাপদ সবজি বিক্রয় কর্ণার" স্থাপন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। কৃষকগণ আমন ধান চাষের বিজতলা লাগানোর কাজ করছেন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | স্থায়ী কমিটির সুপারিশ আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, তারাগঞ্জ, রংপুর। |
| ০৩ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, তারাগঞ্জ, রংপুর জনাব মোঃ আব্দুল জলিল সভায় বলেন, জন্ম নিয়ন্ত্রণরোধে স্ব স্ব ইউনিটের মাঠকর্মীগণ কাজ করছেন। এ ছাড়াও তিনি মাঠ পর্যায়ে জন্ম নিয়ন্ত্রণরোধে স্ব স্ব ইউনিটের মাঠকর্মীগণের কাজ মনিটরিং করছেন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | স্থায়ী কমিটির সুপারিশ আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, তারাগঞ্জ। |
| ০৪ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :** উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তারাগঞ্জ গবাদি পশুসহ অন্যান্য গৃহপালিত প্রাণির সুচিকিৎসায় মাঠ কর্মী স্ব স্ব এলাকায় কাজ করছেন। তিনি প্রতিটি ইউনিয়নে দায়িত্বরত মাঠকর্মীদের কার্যক্রম মনিটরিং করাসহ গবাদি পশুসহ অন্যান্য গৃহপালিত প্রাণির সুচিকিৎসায় সংশ্লিষ্ট চাষীদের পরামর্শ প্রদানপূর্বক সরকারের নির্দেশনা অনুযায়ী করোনা ভাইরাস প্রতিরোধে বাসস্থানের বাইরে সর্বাবস্থায় মাস্ক পরিধান করা, পারস্পারিক দূরত্ব বজায় রাখা ও অন্যান্য স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য অনুরোধ জানান। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্থায়ী কমিটির সুপারিশ নাই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তারাগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | **উপজেলা শিক্ষা বিভাগ :**<br>উপজেলা শিক্ষা অফিসার, তারাগঞ্জ সভায় জানান যে, সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও করোনা ভাইরাস দেখা দেওয়ায় শিক্ষা প্রতিষ্ঠানগুলো বন্ধ রয়েছে। শিক্ষার্থীদের এসমার্ট ফোনের মাধ্যমে পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান খোলা মাত্রই শিক্ষার অধিকতর মান উন্নয়নে জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে শিক্ষা প্রতিষ্ঠানগুলো দর্শনের মাধ্যমে এগিয়ে নিতে হবে মর্মে তিনি মতামত ব্যাক্ত করেন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | স্থায়ী কমিটির সুপারিশ নাই। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা শিক্ষা অফিসার, তারাগঞ্জ, রংপুর। |
| ০৬ | **উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ :**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর জনাব মোঃ আলতাফ হোসেন বলেন, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | স্থায়ী কমিটির সুপারিশ নাই। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার। |
| ০৭ | **উপজেলা যুব উন্নয়ন বিভাগ :**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর সভায় জানান যে, তারাগঞ্জ উপজেলায় আর্থ- সামাজিক উন্নয়নে তিনি এবং মাঠকর্মীগণ কাজ চলছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, তারাগঞ্জ, রংপুর |
| ০৮ | **উপজেলা মৎস্য বিভাগ :**<br>উপজেলা মৎস্য অফিসার, তারাগঞ্জ সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | - | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মৎস্য অফিসার, তারাগঞ্জ |
| ০৯ | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগ :**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রমের আওতায় সেলাই প্রশিক্ষণ করোনা ভাইরাসের কারণে বন্ধ রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | স্থায়ী কমিটির সুপারিশ নাই। | বিভাগীয় কার্যক্রম যথাযথ- ভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |
| ১০ | **উপজেলা সমাজসেবা বিভাগ :**<br>উপজেলা সমাজসেবা অফিসার, তারাগঞ্জ, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্থায়ী কমিটির সুপারিশ নাই। | | উপজেলা সমাজসেবা অফিসার, তারাগঞ্জ |
| ১১ | **উপজেলা সমবায় বিভাগ :**<br>উপজেলা সমবায় অফিসার, তারাগঞ্জ, রংপুর সভায় বলেন, এ উপজেলার সমবায় সমিতিগুলোর কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক মর্মে তিনি সভাকে অবহিত করেন। | - | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা সমবায় অফিসার, তারাগঞ্জ |
| ১২ | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :**<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,তারাগঞ্জ, রংপুর সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমের আওতায় উদকনিক প্রকল্পের ২০তম ব্যাচের প্রশিক্ষণ করোনা প্রতিরোধে স্বাস্থ্য বিধি মেনে চলমান রয়েছে। এছাড়াও বলেন, তিনি ঋণ আদায়ে মাঠকর্মীদের কাজের তদারকি করছেন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | স্থায়ী কমিটির সুপারিশ নাই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, তারাগঞ্জ |
| ১৩ | **স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ :**<br>উপজেলা প্রকৌশলী, তারাগঞ্জ বলেন, উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল ও অন্যান্য প্রকল্পসমূহ বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | - | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী তারাগঞ্জ, রংপুরসহ সংশ্লিষ্ট সকল |
| ১৪ | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর :**<br>জনাব মো: নাসির ইকবাল, উপ-সহকারী প্রকৌশলী ,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, তারাগঞ্জ, রংপুর সভায় বলেন, তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | - | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ- সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) তারাগঞ্জ। |
| ১৫ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর সভায় বলেন, কোভিড-১৯ প্রদুর্ভাবের মধ্যে সরকারের ঘোষনা অনুযায়ী ১২/০৯/২০২১ খ্রি. তারিখ হতে শিক্ষা প্রতিষ্ঠান সমূহের শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম চালু হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান সমূহে অধ্যয়নরত শিক্ষার্থীর শিক্ষার মান উন্নয়নে জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে শিক্ষা প্রতিষ্ঠানগুলো দর্শনের মাধ্যমে এগিয়ে নিতে হবে মর্মে তিনি মতামত ব্যাক্ত করেন। | স্থায়ী কমিটির সুপারিশ নাই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তারাগঞ্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| | শিক্ষা প্রতিষ্ঠান সমূহ সর্বদায় পরিস্কার- পরিচ্ছন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে অনুরোধ করা হয়েছে মর্মে তিনি সভায় জানান। বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথাযথ- ভাবে বাস্তবায়িত হচ্ছে। | | | |
| ১৬ | **ফরেস্টার, বন বিভাগ :**<br>উপজেলা ফরেস্টার, বন বিভাগ, তারাগঞ্জ সভায় জানান যে, উপজেলা পরিষদ চত্তরসহ বিভিন্ন হাট-বাজারের ঝুঁকিপূর্ণ গাছের তালিকা তৈরীর কাজ শেষ হওয়ায় তা বাস্তবায়নের প্রক্রিয়ায় রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | - | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা ফরেস্টার, বন বিভাগ, তারাগঞ্জ। |

## উপজেলা পরিষদের অহস্তান্তরিত বিভাগসমূহ :

| | | | | |
|---|---|---|---|---|
| ০১ | **উপজেলা পরিসংখ্যান বিভাগ :**<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর সভায় বলেন, তারাগঞ্জ উপজেলার পরিসংখ্যান সংরক্ষণে কাজ চলছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | - | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, তারাগঞ্জ। |
| ০২ | **উপজেলা খাদ্য বিভাগ :**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তারাগঞ্জ সভায় বলেন, তারাগঞ্জ উপজেলার খাদ্য গুদামে খাদ্যশষ্য মজুদ রয়েছে। এ ছাড়াও এ মৌসুমে খাদ্যশষ্য সংগ্রহের কাজ চলছে। বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | - | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তারাগঞ্জ। |
| ০৩ | **উপজেলা আনসার ভিডিপি বিভাগ :**<br>উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা (ভারপ্রাপ্ত), তারাগঞ্জ সভায় বলেন, তার আওতাধীন আনসার ভিডিপি সদস্যরা গ্রাম পর্যায়ে সামাজিকসহ অপরাধ প্রতিরোধে যথাযথভাবে দায়িত্ব পালন করার জন্য নির্দেশনা প্রদান করেছেন মর্মে তিনি সভাকে অবহিত করেন। বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, তারাগঞ্জ। |
| ০৪ | **উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক :**<br>শাখা ব্যবস্থাপক (সিনিয়র অফিসার), উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, তারাগঞ্জ সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | - | বিভাগীয় কার্য-ক্রম যথাযথ ভাবে বাস্তবায়-নের সিদ্ধান্ত গৃহীত হয়। | শাখা ব্যবস্থাপক উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ০৫ | **বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ :**<br>সহকারী প্রকৌশলী, বিএমডিএ (অতিঃ দাঃ) জনাব মোঃ মোফাজ্জল হোসেন সভায় বলেন, কৃষকদের সুবিধার্থে সেচ কার্যক্রম অব্যাহত রয়েছে। কৃষকগণ যথাসময়ে যাতে সেচ সুবিধা পায় সেজন্য তিনি এবং মাঠকর্মীগণ কাজ করছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | - | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | সহঃ প্রকৌঃ বিএমডিএ, তারাগঞ্জ, রংপুরসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ০৬ | **দারিদ্র বিমোচন বিভাগ :**<br>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, তারাগঞ্জ বলেন, আর্থ-সামাজিক উন্নয়নে ঋণ প্রদান সহ ঋণ আদায় কার্যক্রম চলছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | - | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্ত বায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা। |
| ০৭ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) :**<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) সভায় জানান যে, প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। | - | বিভাগীয় কার্য-ক্রম যথাযথ ভাবে বাস্তবায় নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিভলোমেন্ট ফ্যাসিলিটেটর (ইউজিডিপি) |
| ০৮ | **উপজেলা তথ্যসেবা বিভাগ :**<br>উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানা গেল না। | - | সভায় উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে অনুরোধ করা হলো | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা |
| ০৯ | **উপজেলা নির্বাচন বিভাগ :**<br>উপজেলা নির্বাচন অফিসার, তারাগঞ্জ, রংপুর সভায় বলেন, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | - | বিভাগীয় কার্য- ক্রম যথাযথ ভাবে বাস্তবায় নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন অফিসার, তারাগঞ্জ। |
| ১০ | **উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর :**<br>সহকারী প্রোগ্রামার (এপি), তারাগঞ্জ, রংপুর ডিজিটাল বাংলাদেশ গড়তে ইন্টারনেট সংযোগ দেয়া হয়েছে। যার যথাযথ বাস্তবায়ন করাসহ ওয়েব পোর্টাল তথ্য নিয়মিতভাবে আপডেট করতে হবে। এতে কোনরুপ অসুবিধা হলে তিনি সহযোগিতা করবেন মর্মে সভাকে অবহিত করেন। | - | বিভাগীয় কার্য-ক্রম যথাযথ-ভাবে বাস্তবায়-নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার (এপি), তারাগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | **মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল :** কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, তারাগঞ্জ সভায় বলেন, সারা দেশে আবারও করোনা ভাইরাস বৃদ্ধি পেয়েছে। এ প্রেক্ষিতে তারাগঞ্জ উপজেলায় যাতে করোনা ভাইরাস বিস্তার করতে না পারে সেজন্য সামাজিক দূরত্ব বজায় রেখে স্বাস্থ্যসেবা মেনে চলতে হবে মর্মে তিনি সভায় তার মতামত ব্যক্ত করেন। | - | স্বাস্থ্য বিধি মেনে চলার সিদ্ধান্ত গৃহিত হয়। | কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, তারাগঞ্জ। |
| ১২ | **চেয়ারম্যান, ০১নং আলমপুর ইউপি :** জনাব মোঃ দেলোয়ার হোসেন, চেয়ারম্যান, আলমপুর ইউপি সভায় জানান যে, সারা বিশ্বে করোনা ভাইরাস ব্যাপক হারে ছড়িয়ে পড়ায় বাংলাদেশে যে করোনা ভাইরাস দেখা দিয়েছে তা প্রতিরোধে তাঁর ইউনিয়ন পরিষদের জনগণকে সজাগ রাখতে তিনি এবং ইউপি সদস্য, গ্রাম পুলিশ ও সচেতন নাগরীকবৃন্দ কাজ করছেন। ইউনিয়ন পরিষদের কার্যক্রম যথাযথভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | - | ইউনিয়ন পরিষদের কার্যক্রম গতিশীল করণে কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয় | চেয়ারম্যান আলমপুর ইউপি, তারাগঞ্জ। |
| ১৩ | **চেয়ারম্যান, ০২নং কুর্শা ইউপি :** জনাব মোঃ আফজালুল হক সরকার, চেয়ারম্যান, কুর্শা ইউনিয়ন পরিষদ ইউনিয়ন পরিষদ সভায় বলেন, সারা বিশ্বে করোনা ভাইরাস ব্যাপক হারে ছড়িয়ে পড়ায় বাংলাদেশে যে করোনা ভাইরাস দেখা দিয়েছে তা প্রতিরোধে তাঁর ইউনিয়ন পরিষদের জনগণকে সজাগ রাখতে তিনি এবং ইউপি সদস্য, গ্রাম পুলিশ ও সচেতন নাগরিকবৃন্দ কাজ করছেন। | -- | ইউনিয়ন পরিষদের কার্য -ক্রম গতিশীল করণে কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট স্ব স্ব কর্তৃপক্ষসহ চেয়ারম্যান কুর্শা ইউপি, তারাগঞ্জ। |
| ১৪ | **চেয়ারম্যান, ০৩নং ইকরচালী ইউপি :** জনাব মোঃ রফিকুল ইসলাম, চেয়ারম্যান ইকরচালী ইউপি সভায় বলেন, বিশ্বে করোনা ভাইরাস ব্যাপক হারে ছড়িয়ে পড়ায় বাংলাদেশে যে করোনা ভাইরাস দেখা দিয়েছে তা মোকাবেলায় তাঁর ইউনিয়ন পরিষদের জনপ্রতিনিধি ও গ্রাম পুলিশ জনগণকে সজাগ রাখতে কাজ করছেন। | - | ইউনিয়ন পরিষদের কার্য -ক্রম গতিশীল করণে কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ চেয়ারম্যান ইকরচালী ইউপি। |
| ১৫ | **চেয়ারম্যান, ০৪নং হাড়িয়ারকুঠি ইউপি :** জনাব মোঃ হারুন অর রশিদ, চেয়ারম্যান, হাড়িয়ারকুঠি ইউপি সভায় বলেন, বিশ্বে করোনা ভাইরাস ব্যাপক হারে ছড়িয়ে পড়ায় বাংলাদেশে যে করোনা ভাইরাস দেখা দিয়েছে যা প্রতিরোধে তাঁর ইউনিয়ন পরিষদের জনগণকে সজাগ রাখতে তিনি এবং ইউপি সদস্য, গ্রাম পুলিশ ও সচেতন নাগরীকগণ কাজ করছেন। এ ছাড়াও বলেন, ডাঙ্গীরহাটের গণশৌচাগার নির্মাণ করাসহ ইউনিয়ন পরিষদ সম্মুখস্থ ঝুঁকিপূর্ণ গাছ অপসরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করেন। ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | - | ইউনিয়ন পরিষদের কার্য -ক্রম গতিশীল করণে কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান হাড়িয়ারকুঠি ইউপি। |
| ১৬ | **চেয়ারম্যান, ০৫নং সয়ার ইউপি :** জনাব এস এম মহিউদ্দিন আজম, চেয়ারম্যান, সয়ার ইউনিয়ন পরিষদ সভায় বলেন, বিশ্বে করোনা ভাইরাস ব্যাপক হারে ছড়িয়ে পড়ায় বাংলাদেশে যে করোনা ভাইরাস দেখা দিয়েছে তা প্রতিরোধে সকলেই কাজ করছেন। এ ছাড়াও বলেন, তার ইউনিয়নের দোলাপাড়া যাওয়ার রাস্তাটি এইচ.বি.বিকরণের জন্য সভায় পুনরায় অনুরোধ জানান। ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | | ইউনিয়ন পরিষদের কার্যক্রম গতিশীল করণে কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, সয়ার ইউপি। |
| ১৭ | আলহাজ্ব মোঃ আতিয়ার রহমান, তারাগঞ্জ সভায় জানান যে, সরকারের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্য বিধি মেনে এ উপজেলায় করোনা ভাইরাস প্রতিরোধে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে সকলকে অনুরোধ জানিয়ে তিনি মতামত ব্যাক্ত করেন। | - | - | এম.পি মহোদয়ের প্রতিনিধি। |
| ১৮ | **মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ :** জনাব মোছাঃ সাবিনা ইয়াছমিন, মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, তারাগঞ্জ উপজেলার উন্নয়নে সংশ্লিষ্ট সকল এবং বিভাগীয় প্রধানগণকে যথাযথভাবে দায়িত্ব পালন করতে হবে। এ ছাড়াও বলেন, আজ সারা বিশ্বে করোনা ভাইরাস ব্যাপক হারে ছড়িয়ে পড়েছে। এ করোনা ভাইরাস প্রতিরোধে এ উপজেলার জনগণকে সজাগ রাখতে নাগরিক সমাজসহ সংশ্লিষ্ট সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। এ ছাড়াও বলেন, ভাইস চেয়ারম্যান দ্বয়ের অফিস ব্যবহার অনুপযোগি হওয়ায় জরুরী ভিত্তিতে সংস্কার/ মেরামতের জন্য সভায় অনুরোধ জানান। | - | - | সংশ্লিষ্ট সকল। |
| ১৯ | **ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ :** জনাব মোঃ গোলাম ছাইদেল কাওনাইন, ভাইস চেয়ারম্যান সভায় বলেন, সারা বিশ্বে করোনা ভাইরাস ব্যাপক হারে ছড়িয়ে পড়েছে। সরকারের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্য বিধি মেনে বাংলাদেশে এ করোনা ভাইরাস প্রতিরোধে তিনি এ উপজেলার জনগণকে সজাগ রাখতে সকলকে একসংগে কাজ করতে সভায় অনুরোধ জানান। | - | প্রস্তাবিত বিষয়সহ উন্নয়নমূলক কাজ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | এছাড়াও বলেন, ভাইস চেয়ারম্যান দ্বয়ের অফিস ব্যবহার অনুপযোগি হওয়ায় জরুরী ভিত্তিতে সংস্কার/ মেরামতের জন্য সভায় অনুরোধ জানান। | | | |

২০। বিবিধ : উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(খ) নম্বর অনুচ্ছেদে বিভিন্ন জাতীয় দিবস উদ্‌যাপন বাবদ ১,০০,০০০/- টাকা ব্যয়ের বরাদ্দ রাখা হয়েছে। বাস্তব প্রেক্ষিতে দেখা যায় বিভিন্ন জাতীয় দিবস যেমন; ২৬শে মার্চ মহান স্বাধীনতা দিবসের বিভিন্ন অনুষ্ঠান, ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস, ২১ ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসসহ অন্যান্য জাতীয় দিবসসমূহ উদ্‌যাপন উপলক্ষে ১,০০,০০০/- টাকার বেশি ব্যয় হয়ে থাকে। আগামী ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ মহান বিজয় দিবসে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষে অতিরিক্ত কোন অর্থ বরাদ্দ না পাওয়ায় স্বাধীনতার সবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও জাঁকজমকপূর্ণভাবে আয়োজনের লক্ষ্যে রাজস্ব তহবিল হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ের অনুমতি প্রদানের জন্য সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা মহোদয়কে অনুরোধ করা যেতে পারে।

সিদ্ধান্ত : আগামী ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ বিজয় দিবসে স্বাধীনতার সবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও জাঁকজমকপূর্ণভাবে আয়োজনের লক্ষ্যে রাজস্ব তহবিল হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ের অনুমতি প্রদানের জন্য সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা মহোদয়কে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আনিছুর রহমান)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তারাগঞ্জ, রংপুর।
www.taraganj.rangpur.gov.bd

স্মারক নম্বর : ০৫.৫৫.৮৫০০.০৯২.০৩.০৫৬.২১-৭১৬ (১০০) তারিখ : ১৬/১০/২০২১ খ্রি.।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো

১। জনাব আবুল কালাম মোঃ আহসানুল হক চৌধুরী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২০, রংপুর-২ (তারাগঞ্জ-বদরগঞ্জ) ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর।
২। জেলা প্রশাসক, রংপুর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর।
৪। জনাব/বেগম....................................ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর।
৫। উপজেলা .......................................... অফিসার, তারাগঞ্জ, রংপুর।
৬। চেয়ারম্যান ....................................... ইউনিয়ন পরিষদ, তারাগঞ্জ, রংপুর।
৭। জনাব ............................................. সদস্য, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর।

(মোঃ আমিনুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
তারাগঞ্জ, রংপুর।
ফোন: ০৫২২৮- ৫৬০০১
unotaragonj@gmail.com